অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/24/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

গভর্নর হোচুল ইথাকায় 96 মিলিয়ন মার্কিন ডলার মূল্যের আবাসন ও নগর উন্নয়ন প্রকল্পের নির্মাণ কাজ শুরু করার ঘোষণা করেছেন

ডাউনটাউনের এই নির্মাণ প্রকল্পে থাকছে 181টি সম্পূর্ণ-বৈদ্যুতিক, সামর্থ্যের মধ্যে সহায়ক আবাসন, অত্যাধুনিক কনফারেন্স সেন্টার

এই বিনিয়োগ "সাদার্ন টিয়ার সোয়ারিং" ("Southern Tier Soaring") এর পরিপূরক - যা কমিউনিটিকে পুনরুজ্জীবিত করার ও অর্থনৈতিক প্রবৃদ্ধির জন্য এই অঞ্চলের সমন্বিত কৌশল

ছবি পাওয়া যাবে এখানে

গভর্নর ক্যাথি হোচুল আজকে ঘোষণা করলেন যে ডাউনটাউন ইথাকায় সামর্থ্যের মধ্যে আবাসন ও কনফারেন্স সেন্টার নির্মাণের একটি নতুন 96 মিলিয়ন মার্কিন ডলার মূল্যের একটি প্রকল্পের কাজ শুরু হয়েছে। অ্যাস্টেরি ইথাকা নির্মিত হবে গ্রিন স্ট্রিট পার্কিং গ্যারেজের পশ্চিম অংশে, যেটিকে বিস্তৃত এই নগর উন্নয়ন প্রকল্পের অংশ হিসেবে ভেঙ্গে ফেলা হবে। উচ্চ শক্তি-সাশ্রয়ী, সম্পূর্ণ-বৈদ্যুতিক ভবনটিতে থাকবে সামর্থ্যের মধ্যে 181টি অ্যাপার্টমেন্ট যার 40টি সহায়ক সেবার প্রয়োজন এমন মানুষের জন্য সংরক্ষিত থাকবে যাতে করে তারা স্বাধীন জীবনযাপন করতে পারে।

"নিউ ইয়র্কবাসীরা তাদের পছন্দের সম্প্রদায়ে বাস করতে ও খেলতে পারে এমন মানসম্পন্ন, আরামদায়ক বাড়ির ব্যবস্থা করার জন্য আমরা অঙ্গীকারবদ্ধ,", **গভর্নর হোচুল বলেন।** "দারুণ-পরিকল্পিত এই নগর উন্নয়ন পরিকল্পনার একটি মুখ্য অংশ অ্যাস্টেরি ইথাকা, যা সহায়ক সেবা প্রয়োজন এমন মানুষের জন্য সামর্থ্যের মধ্যে অত্যাবশ্যকীয় বাড়ির ব্যবস্থা করছে, এবং একটি অত্যাধুনিক কনফারেন্স সেন্টার যা আশেপাশের ব্যবসার বিকাশে সাহায্য করবে। একটি শহর এইভাবেই তার ভবিষ্যৎ গড়ে তোলে।"

ইথাকা আরবান রিনিউয়াল এজেন্সি (Ithaca Urban Renewal Agency) 2017 সালে গ্রিন স্ট্রিট পার্কিং গ্যারেজ সংস্কারের জন্য একটি নগর উন্নয়ন প্রকল্পের জন্য একটি প্রস্তাবনার জন্য অনুরোধ প্রকাশ করেছে। প্রকল্পটির তিনটি অংশ রয়েছে: সামর্থ্যের মধ্যে আবাসন, একটি কনফারেন্স সেন্টার, এবং গ্রিন স্ট্রিট পার্কিং গ্যারেজের সংস্কার ও নির্মাণ। উপাংশ তিনটির জন্য পৃথকভাবে অর্থায়ন করা হবে।

সামর্থ্যের মধ্যে অ্যাপার্টমেন্টগুলি এবং 55,000 স্কয়ার-ফুট কনফারেন্স সেন্টার একই 12-তলা ভবনে অবস্থিত হবে। উপরের নয় তলার 62 মিলিয়ন মার্কিন ডলার মূল্যের আবাসিক অংশে 78টি স্টুডিও, 87টি এক-বেডরুমের, আটটি দুই-বেডরুমের, এবং আটটি তিন-বেডরুমের অ্যাপার্টমেন্ট থাকবে। এলাকার মিডিয়ান আয়ের 80 শতাংশ বা তার কম উপার্জনের পরিবারগুলির সামর্থ্যের মধ্যে ভাড়া নির্ধারিত করা হবে।

সহায়ক সেবা প্রয়োজন এমন মানুষের জন্য চল্লিশটি অ্যাপার্টমেন্ট সংরক্ষিত থাকবে। তারা টম্পকিনস কমিউনিটি অ্যাকশন ইনকর্পোরেশনকে প্রদত্ত একটি এম্পায়ার স্টেট সাপোর্টিভ হাউজিং ইনিশিয়েটিভ (Empire State Supportive Housing Initiative, ESSHI) পুরস্কারের সুবিধা পাবে, যা পরিচালনা করবে অফিস অফ টেম্পোরারি অ্যান্ড ডিজ্যাবিলিটি অ্যাসিস্টেন্স (Office of Temporary and Disability Assistance, OTDA)।

নির্মাণ প্রকল্পের সকল বাসিন্দার জন্য থাকবে বিনামূল্যে ইন্টারনেট সেবা, সব ইউনিটে 5G সুবিধার জন্য তার দেওয়া হবে এবং ওয়াইফাইয়ের জন্য রাউটার প্রদান করা হবে। সুবিধার মধ্যে থাকবে 12 তলায় একটি স্কাই টেরেস, বাইরে বসার জায়গা, এবং চতুর্থ তলায় একটি ফিটনেস সেন্টার ও কমিউনিটি কক্ষ। বাসিন্দাদের জন্য প্রতি এক তলা পর পর থাকবে সাধারণ লন্ড্রি কক্ষ, এবং নিচ তলায় অভ্যন্তরীণ বাইক রাখার স্থান।

গ্রিন স্ট্রিট পার্কিং গ্যারেজের পূর্বাংশ সংস্কার করা হবে এবং 350 পার্কিং স্থান অন্তর্ভুক্ত করার মতো সম্প্রসারিত করা হবে, ভবনের বাসিন্দারা স্থান লিজ নিতে পারবে।

অ্যাস্টেরি ইথাকা, ইথাকা কমন্স, সিটি হল, রেস্টুরেন্ট, দোকানপাট, মেডিকেল অফিস, এবং পেশাদার অফিস থেকে হাঁটা দূরত্বের মধ্যে, 118 ইস্ট গ্রিন স্ট্রিটে অবস্থিত। এই নির্মাণ প্রকল্পটি সিক্স-মাইল ক্রিক ট্রেইল, ডিউইট পার্ক এবং ক্যাসক্যাডিয়া গর্জ ট্রেইলের কাছে অবস্থিত। টম্পকিনস কনসোলিডেটেড এরিয়া ট্রানজিটের (Tompkins Consolidated Area Transit) ইথাকা কমন্স -গ্রিন স্টার্ট স্টপ কাছেই এবং এখানে 10টির বেশি বাস রুটের সেবা পাওয়া যায়।

শক্তি-সাশ্রয়ী সম্পূর্ণ-বৈদ্যুতিক ভবনটি ক্লাইমেট লিডারশিপ প্রোটেকশন অ্যাক্টের (Climate Leadership Protection Act) অধীনে 2050 সালের মধ্যে 85 শতাংশ কার্বন নিরপেক্ষতা অর্জনে স্টেটের লক্ষ্যকে অগ্রসর করবে। সকল অ্যাপার্টমেন্টে থাকবে নিম্ন প্রবাহের প্লাম্বিং ফিক্সচার ও এনার্জি স্টার রেটেড জানালা ও অ্যাপ্লায়েন্স। পাশাপাশি, ভবনটিকে এনভায়রনমেন্টাল প্রোটেকশন এজেন্সি (Environmental Protection Agency, EPA) এর এনার্জি স্টার মাল্টি ফ্যামিলি হাই রাইজ প্রোগ্রাম (Energy Star Multi-Family High-Rise Programs), ও নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অথোরিটির (New York State Energy Research and Development Authority's, NYSERDA) নিউ কন্সট্রাকটিং হাউজিং প্রোগ্রামের (New Construction Housing Program) মানদণ্ড মানতে হবে।

অ্যাস্টেরি ইথাকার 62 মিলিয়ন মার্কিন ডলার মূল্যের আবাসিক অংশে স্টেটের তহবিলের মধ্যে রয়েছে 11 মিলিয়ন মার্কিন ডলার মূল্যের কর-মওকুফ বন্ড, ফেডারেল লো-ইনকাম হাউজিং

ট্যাক্স ক্রেডিট (Federal Low-Income Housing Tax Credits) যা 26.3 মিলিয়ন মার্কিন ডলার ইক্যুইটি তৈরি করবে এবং নিউ ইয়র্ক স্টেটের হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল (Homes and Community Renewal, HCR) থেকে 19.8 মিলিয়ন ডলার ভর্তুকি। NYSERDA সমর্থন হিসাবে 550,000 মার্কিন ডলার প্রদান করবে। এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development, ESD)একটি রিজিওনাল কাউন্সিল ক্যাপিটাল গ্রান্টের (Regional Council Capital Grant) মাধ্যমে 5 মিলিয়ন মার্কিন ডলার দিয়ে কনফারেন্স সেন্টারটিকে সমর্থন করছে।

অ্যাস্টেরি ইথাকার ডেভেলপার হল ভেসিনো গ্রুপ। কনফারেন্স সেন্টার ও গ্যারেজের বাকি অংশের সংস্কারের জন্য ইথাকা শহর, টম্পকিনস কাউন্টি, টম্পকিনস কাউন্টি ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট এজেন্সি (Tompkins County Industrial Development Agency) এবং ডাউনটাউন ইথাকা অ্যালায়েন্স (Downtown Ithaca Alliance) উল্লেখযোগ্য পরিমাণ আর্থিক সহায়তা প্রদান করছে।

HCR কমিশনার রুথঅ্যান ভিস্নাউস্কাস বলেন, "সাফল্য অব্যাহত রাখার জন্য ডাউনটাউন ইথাকার যে প্রাণশক্তি ও তেজ প্রয়োজন, অ্যাস্টেরি ইথাকা তা যোগ করবে। সামর্থ্যের মধ্যে ভাড়া, বিনামূল্যে ইন্টারনেট, অসাধারণ সুযোগসুবিধা এবং সহায়ক সেবা নিয়ে, শীঘ্রই যেই 181টি পরিবার এখানে বাস করবে তারা সফল জীবনের প্রয়োজনীয় সবকিছু এখানে পাবে। উপরন্তু, টেকসই নকশা অধিক স্বাস্থ্যকর পরিবেশ প্রদান করবে এবং স্টেটের কার্বন হ্রাস লক্ষ্য অর্জনে আমাদের অগ্রসর করবে। ভেসিনো গ্রুপকে অভিনন্দন এবং সকল অংশীদারকে ধন্যবাদ যারা পুরো নিউ ইয়র্ক স্টেটজুড়ে উজ্জ্বল, আকর্ষণীয় ডাউনডাউন গন্তব্যস্থান গঠনে আমাদের স্বপ্নকে সমর্থন করে।"

নিউ ইয়র্কবাসীকে সামর্থ্যের মধ্যে নিরাপদ আবাসন প্রদান করতে স্টেটের 20 বিলিয়ন মার্কিন ডলার মূল্যের পাঁচ বছর মেয়াদী প্রচেষ্টার একটি অংশ অ্যাস্টেরি ইথাকা। এই পরিকল্পনা এর চূড়ান্ত বছরে এসে 100,000 ইউনিটের বেশি সাশ্রয়ী আবাসন এবং 6,000 ইউনিট সহায়ক আবাসন নির্মাণ ও সংরক্ষণ করার মাধ্যমে আবাসনকে অ্যাক্সেসযোগ্য করছে এবং গৃহহীনতার বিরুদ্ধে লড়াই করছে।

সাউদার্ন টিয়ারে গত এক দশক ধরে HCR বহু-পরিবারের জন্য নির্মাণ প্রকল্পে সামর্থ্যের মধ্যে প্রায় 2,650টি অ্যাপার্টমেন্ট অর্থায়ন করতে 230 মিলিয়নের বেশি মার্কিন ডলার বিনিয়োগ করেছে, এই বিনিয়োগের ফলে অন্যান্য উৎস থেকে 376 মিলিয়নের বেশি মার্কিন ডলার বিনিয়োগ পাওয়ার পথ সুগম হয়েছে। HCR এর মোট আঞ্চলিক বিনিয়োগের প্রায় 36 মিলিয়ন মার্কিন ডলার ইথাকায় 400টির বেশি অ্যাপার্টমেন্ট নির্মাণের কাজে ব্যবহার হয়েছে।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের প্রধান পরিচালনা কর্মকর্তা ও নির্বাহী ডেপুটি কমিশনার কেভিন ইউনিস বলেন, "অ্যাস্টেরি ইথাকার নতুন কনফারেন্স সেন্টার ও মিশ্র-আয়ের অ্যাপার্টমেন্ট শহরের প্রাণকেন্দ্রে অবস্থিত, ব্যবসা, গণপরিবহন এবং ইথাকার অন্যান্য কিছু অত্যন্ত জনপ্রিয় গিরিসঙ্কট ও সবুজ উদ্যানের কাছে অবস্থিত। আমরা এই প্রকল্পের অংশীদার হতে পেরে গর্বিত, যা পুরো স্টেটে আরো প্রাণবন্ত ডাউনটাউন তৈরির পাশাপাশি

স্থানীয় ও আঞ্চলিক অর্থনীতির প্রসার করার জন্য কৌশলী বিনিয়োগ করতে নিউ ইয়র্কের অঙ্গীকারের প্রতিফলন।"

OTDA কমিশনার মাইক হেইন বলেন, "গৃহহীনতা ও আবাসন অনিরাপত্তার উৎস অনেক সময় সম্বোধন করা হয় না এমন সব সমস্যার মধ্যে অন্তর্নিহিত থাকে। অ্যাস্টেরি ইথাকা সামর্থ্যের মধ্যে আবাসনের সাথে সমর্থক সেবা যোগ করবে যার উপর নির্ভর করে ভাড়াটিয়ারা তাদের পূর্বের আবাসন অনিরাপত্তার সমস্যাগুলি সমাধান করতে পারবে। গভর্নর হোচুলের নেতৃত্বে, সকল নিউ ইয়র্কবাসীর জন্য নিরাপদ, সামর্থ্যের মধ্যে আবাসন এবং স্বাধীনভাবে বসবাসের জন্য তারা নির্ভর করতে পারবে এমন সেবার ব্যবস্থা করতে আমাদের স্টেটের সম্মুখ যাত্রা অব্যাহত রয়েছে।"

NYSERDA এর প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা ডোরিন এম. হ্যারিস বলেন, "বিশাল এই সামর্থ্যের মধ্যে আবাসন প্রকল্পের জন্য NYSERDA এর সমর্থন, নিম্ন-আয়ের সাউদার্ন টিয়ারের বাসিন্দাদের জন্য বর্ধিত আরাম ও স্বাস্থ্য সুবিধা এবং শক্তির খরচ কম করে এমন উচ্চ কার্যকারিতার শক্তি-সাশ্রয়ী অভ্যন্তরীণ ও বাহ্যিক সুযোগসুবিধাসহ আবাসনের ব্যবস্থা নিশ্চিত করতে সাহায্য করবে। অ্যাস্টেরি ইথাকার এই নির্মাণ প্রকল্পে বিনিয়োগ পুরো স্টেটে ক্ষতিকর নির্গমন হ্রাস করা এবং সেই সাথে নিউ ইয়র্কবাসী যেন পরিষ্কার শক্তিতে রূপান্তর থেকে সুবিধাপ্রাপ্ত হয় সেজন্য স্টেটের চলমান প্রতিশ্রুতি প্রদর্শন করে।"

সিনেটর টম ও'মারা বলেন, "অ্যাস্টেরি ইথাকা একটি আকর্ষণীয় ও জরুরি কমিউনিটি বিকাশ প্রকল্পের প্রতিশ্রুতি। স্থানীয় বাসিন্দাদের সামর্থ্যের মধ্যে অতিরিক্ত, উচ্চমানের আবাসন, ও একইসাথে নতুন কনফারেন্স সেন্টার ও স্থানীয় অর্থনীতিকে বলবান করার অন্যান্য সুযোগসুবিধার মাধ্যমে এটি ইথাকা শহর এবং পুরো টম্পকিনস কাউন্টিকে উন্নত করবে। এই ধরণের স্টেট-স্থানীয় অংশীদারিত্ব পুরো নিউ ইয়র্কে এবং আমাদের অঞ্চলজুড়ে সম্প্রদায়গুলিকে সম্মুখে অগ্রসর হওয়ার কার্যকরী পথ দেখায়।"

সংসদ সদস্য আনা আর. কেলেস বলেন, "আমাদের সামর্থ্যের মধ্যে ব্যাপক সহায়ক আবাসনের প্রয়োজন এবং কোভিড-19 মহামারী এই প্রয়োজনকে আরো বর্ধিত করেছে। সামর্থ্যের মধ্যে পর্যাপ্ত সহায়ক আবাসনের ব্যবস্থার দীর্ঘ এই পথে অ্যাস্টেরি মিশ্র-ব্যবহারের প্রকল্পটি আমাদের অগ্রসর হতে সাহায্য করবে। কনফারেন্স সেন্টারটি সম্প্রদায়ের একত্রিত হওয়ার স্থানের অভাব পূরণ করবে এবং সপ্তাহের মাঝখানে পর্যটন বৃদ্ধির মাধ্যমে আমাদের স্থানীয় দিবাকালীন ও নৈশকালীন ডাউনটাউন অর্থনীতি বলবান করবে যা আতিথেয়তা শিল্পের কর্মীদের অত্যন্ত প্রয়োজনীয় স্থিতিশীলতা প্রদান করবে।"

টম্পকিনস কাউন্টি আইনসভার (Tompkins County Legislature) চেয়ারওম্যান লেসলিন ম্যাকবিন-ক্লেয়ারবর্ন বলেন, "এটি আমাদের সম্প্রদায়ের জন্য একটি রূপান্তরক বিকাশ। টম্পকিনস কাউন্টিতে হাজার হাজার দর্শনার্থীকে আকর্ষণ করবে এমন একটি কনফারেন্স সেন্টারের সাথে যুগ্মভাবে মানসম্পন্ন, অতি প্রয়োজনীয়, সামর্থ্যের মধ্যে আবাসন নির্মাণ একটি সৃজনশীল বুদ্ধি যা ডাউনটাউন ইথাকাকে বসবাস, কাজ ও বেড়ানোর জন্য একটি প্রাণবন্ত স্থান বানিয়ে রাখবে। টম্পকিনস কাউন্টি এই প্রকল্পকে সমর্থন করতে পেরে গর্বিত এবং

আমাদের সম্প্রদায়ের অংশীদার, ভেসিনো গ্রুপ, এবং নিউ ইয়র্ক স্টেটকে তাদের নেতৃত্ব ও প্রকল্প বাস্তবায়নে অঙ্গীকারের জন্য ধন্যবাদ।"

ভেসিনো গ্রুপের প্রেসিডেন্ট, রিক ম্যানজারডো বলেন, "ইথাকায় সামর্থ্যের মধ্যে আবাসনের প্রয়োজন ব্যাপক, এবং এই চাহিদা পূরণ করে টম্পকিনস কাউন্টিতে গৃহহীনতা দূর করার ব্যাপারে অ্যাস্টেরি ইথাকা অনেক বড় ভূমিকা রাখবে। যখন আপনি এই আবাসনের সাথে বৃহত্তর সম্প্রদায়ে কনফারেন্স সেন্টার ও সম্প্রসারিত পার্কিং গ্যারেজের প্রভাব যোগ করবেন, তখন এটি শুধু ইথাকার জন্য একটি সমাধান হয়ে থাকে না বরং পুরো অঞ্চলের জন্য একটি রূপান্তরক প্রকল্প হয়ে উঠে। নির্বাচিত কর্মকর্তা ও স্টেট এবং স্থানীয় সরকারি এজেন্সিগুলির কাছ থেকে ভেসিনো গ্রুপ ইথাকায় যেই পর্যায়ের অংশীদারিত্ব এবং দলগত কাজের অভিজ্ঞতা লাভ করেছে, তা এমন একটি সম্প্রদায়কে প্রদর্শন করে যারা সকলের উত্তম ভবিষ্যতের জন্য কাজ করে যেতে চায়।"

ডাউনটাউন ইথাকা অ্যালায়েন্সের (Downtown Ithaca Alliance) নির্বাহী পরিচালক গ্যারি ফার্গুসন বলেন, "গ্রিন স্ট্রিট গ্যারেজ সাইট পুনর্নির্মাণ দুর্দান্ত কিছু প্রকল্পের সমন্বয় যা সামর্থ্যের মধ্যে অতি প্রয়োজনীয় সহায়ক আবাসন, একটি একদম নতুন গ্যারেজ পার্কিং, এবং অনেক দিন ধরে প্রয়োজন এমন একটি কমিউনিটি কনফারেন্স সেন্টার প্রদান করবে। এই তিনটি প্রকল্পের প্রত্যেকটি ডাউনডাউন ইথাকার কেন্দ্রবিন্দুতে অবস্থিত, এবং কমন্স এবং কেন্দ্রীয় ইথাকা, সিটি হল, এবং আমাদের পাবলিক লাইব্রেরি সংলগ্ন। একত্রে তারা ডাউনটাউনকে বিশ্বাস, কাজ ও বেড়ানোর জন্য আরো মজবুত, আরো প্রাণবন্ত এবং অন্তর্ভুক্তিকর করে তুলবে।"

ইথাকা এরিয়া ইকোনোমিক ডেভেলপমেন্টের (Ithaca Area Economic Development) প্রেসিডেন্ট হিথার ম্যাকডেনিয়েল বলেন, "এই প্রকল্পটিকে শেষ করতে টম্পকিনস কাউন্টি ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট এজেন্সি অতি প্রয়োজনীয় সহায়তা প্রদান করেছে। আমাদের সাথে এমন অংশীদার পেয়ে আমরা কৃতজ্ঞ যারা আমাদের ডাউনটাউনকে মজবুত করে একে বসবাস, কাজ ও বেড়ানোর জন্য প্রাণবন্ত ও সক্রিয় একটি স্থানে পরিণত করতে সরকারি ও বেসরকারি সুযোগসুবিধা সৃষ্টি করছে।"

লোকাল ডেভেলপমেন্ট কর্পোরেশনের (Local Development Corporation) প্রেসিডেন্ট জেনিফার ট্যাভারেস বলেন, "এই গুরুত্বপূর্ণ অর্থনৈতিক ও পর্যটন বিকাশ প্রকল্প হল বিগত পাঁচ বছর ধরে বহু সংখ্যক ব্যক্তি, প্রতিষ্ঠান, এবং এজেন্সির কঠোর পরিশ্রম, সমন্বয় ও বিনিয়োগের ফল। আমাদের দলটি অত্যন্ত গর্বিত এবং কৃতজ্ঞ যে 2023 সালে ইথাকা ডাউনটাউন কনফারেন্স সেন্টারটি চালু হবে, স্থানীয় ও স্টেট কর্মকর্তা, সম্প্রদায়ের অংশীদাররা এবং ভেসিনো গ্রুপ - যারা সবাই এই প্রকল্প নিয়ে আমাদের স্বপ্নে সঙ্গী হয়েছেন ও ডাউনটাউন ইথাকায় বিনিয়োগ করেছেন - সবাইকে ধন্যবাদ।"

মেয়র সভান্তে মাইরিক বলেন, "গত এক দশকে অনেক গুলি প্রকল্প ডাউনটাউন ইথাকাকে রূপান্তর ও পুনর্জীবিত করতে সাহায্য করেছে। কমন্সের পুনঃসংস্কারসহ এটি আজ পর্যন্ত সর্ববৃহৎ ও সর্বাধিক গুরুত্বপূর্ণ প্রকল্প। এটি শতাধিক মানুষকে শহরের প্রাণকেন্দ্রে বাস করার

সুযোগ করে দিবে, নতুন কর্মসংস্থান সৃষ্টি করবে এবং কনফারেন্স সেন্টারটি আমাদের পর্যটন অর্থনীতি বিকাশ করবে ও পার্কিংয়ের আরো স্থান প্রদান করবে। ঐতিহাসিক এই প্রকল্পকে সম্ভব করেছে যে অংশীদারিত্ব তা নিয়ে আমরা অত্যন্ত আনন্দিত!"

সাদার্ন টিয়ার সোয়ারিং ত্বরাণ্বিতকরণ

আজকের এই ঘোষণা "সাদার্ন টিয়ার সোয়ারিং" এর পরিপূরক, যা শক্তিশালী অর্থনৈতিক প্রবৃদ্ধি ও কমিউনিটির উন্নয়নের জন্য এই অঞ্চলের পরিপূর্ণ নীল নকশা। আঞ্চলিকভাবে নকশাকৃত পরিকল্পনটি মেধাবী কর্মী বাহিনী, ব্যবসার উন্নয়ন এবং উদ্ভাবন বৃদ্ধিকে প্রাধান্য দেয়। এখন, এই অঞ্চল আপস্টেট পুনরুজ্জীবিতকরণ উদ্যোগের (Upstate Revitalization Initiative) মাধ্যমে 500 মিলিয়ন ডলারের একটি বিনিয়োগ দিয়ে সাদার্ন টিয়ার সোয়ারিং ত্বরান্বিত করছে। স্টেটের 500 মিলিয়ন ডলারের বিনিয়োগ প্রাইভেট ব্যবসাগুলোকে 2.5 বিলিয়ন ডলারেরও অনেক বেশি বিনিয়োগ করতে উৎসাহিত করবে - এবং এই অঞ্চলের জমা দেয়া পরিকল্পনা অনুযায়ী 10,200টি পর্যন্ত নতুন চাকরির ব্যবস্থা হবে। আরো তথ্য এখানে উপলভ্য।

###

অতিরিক্ত সংবাদ পাওয়া যায় www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন